দৈনিক বাংলা

তারিখ ৭/৫/৮১
পৃষ্ঠা ... কলাম

# কৃষি অনুষদ খোলার দাবীতে অনশন : কৃষি কলেজ ছাত্রদের বিরোধিতা

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ে অবিলম্বে কৃষি অনুষদ চালু করার দাবীতে বিজ্ঞান অনুষদের বিভিন্ন বিভাগের একজন ছাত্রীসহ মোট দশজন ছাত্র-ছাত্রী বৃহস্পতিবার রাত ১২টা এক মিনিট থেকে আমরণ অনশন শুরু করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয় কৃষি অনুষদ বাস্তবায়ন কমিটি (ছাত্র) এ অনশন ধর্মঘটের ডাক দিয়েছে।

কমিটির আহ্বায়ক জনাব শাহ আলম বাচচু স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, অনশন চলাকালীন কোন অপ্রীতিকর ঘটনা ঘটলে সরকারকে তার জন্যে দায়ী থাকতে হবে।

**ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি**

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কৃষি অনুষদ কমিটি আহূত আমরণ অনশনে অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের অবস্থার অবনতিতে উদ্বেগ প্রকাশ করেছেন।

শুক্রবার শিক্ষক সমিতির কার্যকরী সংসদের এক জরুরী সভা

(৩-এর পৃঃ দ্রঃ)

## কৃষি অনুষদ

(শেষ পৃঃ পর)

সমিতির সভাপতি জনাব কে এ এম সাদউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত প্রস্তাবে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক কৃষি অনুষদ বাস্তবায়ন ও কৃষি অনুষদ বাস্তবায়ন কমিটির সুপারিশের প্রেক্ষিতে অনতিবিলম্বে কৃষি অনুষদ চালু করার সিদ্ধান্ত ঘোষণার জন্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহবান জানানো হয়।

**ছাত্র সমিতি**

বাংলাদেশ ছাত্র সমিতি ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা এক বিজ্ঞপ্তিতে কৃষি অনুষদ বাস্তবায়ন কমিটি (ছাত্র) আহূত আমরণ অনশনের প্রতি পূর্ণ সমর্থন জানিয়েছে।

**কৃষি কলেজ ছাত্র সংগ্রাম পরিষদ**

বাংলাদেশ কৃষি কলেজ ছাত্র সংগ্রাম পরিষদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা বিজ্ঞান বিভাগের কতিপয় ছাত্রের অযৌক্তিক অনশনের বিরুদ্ধে শুক্রবার এক প্রতিবাদ মিছিল বের করে।

ছাত্র সংগ্রাম পরিষদের আহ্বায়ক জনাব মোহাম্মদ শাহজাহান এক বিজ্ঞপ্তিতে জানান, মিছিল শেষে শহীদ মিনারে অনুষ্ঠিত এক প্রতিবাদ সভায় অনশনের তীব্র নিন্দা জানানো হয়। সভায় বক্তাগণ বলেন, এ অযৌক্তিক অনশনের কাছে সরকার নতি-স্বীকার করলে সংগ্রাম পরিষদ দেশব্যাপী বৃহত্তর আন্দোলনের ডাক দিতে বাধ্য হবে।